



শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বৃহস্পতি টি চার্স টের্নিং কলেজ মিলনায়তনে দে শের এন্ড বিজয়ী ও জেলা শিক্ষা কর্মকর্তাদের উপস্থিতিতে ভাষণ দেন

### শিক্ষানীতি বাস্তবায়নে সমন্বিত প্রচেষ্টা নেয়ার আহ্বান

শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান সার্ভিসেস স্কুলের প্রতি দায়িত্ব নিয়ে নয়া শিক্ষানীতি বাস্তবায়নে সমন্বিত প্রচেষ্টা চালাবার আহ্বান জ্ঞানিয়েছেন।

খবর বাসসর।

গতকাল বিকেলে শিক্ষক প্রশিক্ষণ কলেজ মিলনায়তনে সরকারী কলেজ ও স্কুলের অধ্যক্ষ ও প্রধান-শিক্ষক এবং বিভাগীয় ও জেলার শিক্ষা প্রশাসকদের এক সমাবেশে ভাষণ দানকালে তিনি একথা বলেন।

শিক্ষানীতির মূল বিষয়গুলি ব্যাখ্যা করে মন্ত্রী বলেন, সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা এবং সরকারী স্তরে শিক্ষণ শ্রেণী পর্যন্ত শিক্ষা দানের ব্যবস্থা চালু করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

তিনি বলেন, এই শিক্ষানীতিতে সার্টিফিকেট অর্জনের বদলে বাস্তব-মুখী ও ব্যবহারিক শিক্ষার ওপর জোর দেয়া হবে।

ডঃ খান বলেন, নিরক্ষরতা দূরী-করণে ব্যর্থতা, শিক্ষিতদের মধ্যে ব্যাপক হারে বেকারত্ব এবং শিক্ষার উদ্দেশ্য থেকে দূরে সরে যাওয়ার প্রেক্ষিতেই বর্তমান শিক্ষানীতি প্রণীত হয়েছে। তিনি বলেন, উপরিউল্লিখিত কারণগুলোর জন্যই প্রকৃত শিক্ষার ক্ষেত্রে সার্টিফিকেটের মোহ তৈরি হয়েছে।

বর্তমান শিক্ষানীতিতে আমাদের বিচ্ছিন্ন সামাজিক-অর্থনৈতিক ও শিক্ষাগত পটভূমির ওপর উপযুক্ত গুরুত্ব দেয়া হয়েছে এবং ভবিষ্যৎ নাগরিকদের উপযুক্ত শারীরিক মানসিক ও বুদ্ধিবৃত্তিক উন্নয়নের জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখা হয়েছে।

তিনি বলেন, আরও শিক্ষার সবার জন্য উন্মুক্ত থাকবে এবং সার্ভিসেস স্কুলে উচ্চ শিক্ষা গ্রহণে বঙ্গ ব. বেক অস্ট্রেলিয়া কেন্দ্র বাধা থাকবে না।

শিক্ষানীতির বাস্তবায়নে শিক্ষক-দের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে ডঃ খান বলেন, সমাজে শিক্ষকদের উচ্চ মর্যাদা রয়েছে এবং শিক্ষা ক্ষেত্রের পরিবর্তনের ক্ষেত্রে তাদের বিশেষ সাহায্য প্রয়োজন।

শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী  
শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রণালয়  
সংসদ ভবন, ঢাকা